

মাদ্রাসার ৫ম ও ৮ম শ্রেণির বৃত্তি পরীক্ষার নতুন নম্বর বণ্টন প্রকাশ

ইলেক্ট্রনিক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৫ অক্টোবর ২০২৫, ১১:১৩



ছবি: সংগৃহীত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ২০২৫ সালের ইবতেদায়ি (পঞ্চম শ্রেণি) ও দাখিল (অষ্টম শ্রেণি) বৃত্তি পরীক্ষার বিষয় ও মানবণ্টন প্রকাশ করা হয়েছে।

 দৈনিক ইলেক্ট্রনিক সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

২২ অক্টোবর এ সংক্রান্ত মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত মাদ্রাসার পঞ্চম ও অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তক থেকে বোর্ড অনুমোদিত প্রশ্নকাঠামো অনুসারে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইবতেদায়ি (পঞ্চম শ্রেণি) বৃত্তি পরীক্ষায় চারটি বিষয় অনুষ্ঠিত হবে। বিষয়গুলো হলো কুরআন মাজিদ ও তাজভিদ (পূর্ণমান ১০০), আরবি ১ম ও ২য় পত্র ($৫০+৫০= ১০০$), বাংলা ও ইংরেজি ($৫০+৫০= ১০০$) এবং গণিত ও বিজ্ঞান ($৬০+৪০= ১০০$)। সব বিষয় মিলে মোট নম্বর ৪০০।

দাখিল (অষ্টম শ্রেণি) বৃত্তি পরীক্ষা কুরআন মাজিদ ও তাজভিদ এবং আকাইদ ও ফিকহ ($৫০+৫০= ১০০$), আরবি ১ম ও ২য় পত্র ($৫০+৫০= ১০০$), বাংলা ও ইংরেজি ($৫০+৫০= ১০০$) এবং গণিত ও বিজ্ঞান ($৬০+৪০= ১০০$) বিষয়ে অনুষ্ঠিত হবে। মোট নম্বর ৪০০।

এর আগে প্রকাশিত প্রশ্নকাঠামো, মানবশ্টন ও নমুনা প্রশ্ন-সংক্রান্ত বোর্ডের গত ১ সেপ্টেম্বর ও ২৩ সেপ্টেম্বরের দুটি নির্দেশনা বাতিল করা হয়েছে।